

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ব্যবসায় ও আর্থিক ব্যবস্থা পুনর্গঠনের লক্ষ্যে নীতি সহায়তা প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ বিআরপিডি-১, সার্কুলার লেটার নং-১৬, তারিখঃ ০৭/০৫/২০২৬ইং।

উপরোক্ত বিষয়ের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, বিআরপিডি সার্কুলার নং-০৭/২০২৫ ও বিআরপিডি সার্কুলার লেটার নং-২৬/২০২৫ এর আওতায় ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতা প্রতিষ্ঠানসমূহের ঋণ পুনঃতফসিল/এক্সিটের সুবিধা প্রদান করা হয়। উক্ত সুবিধা প্রাপ্তির লক্ষ্যে বিভিন্ন জটিলতার কারণে রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্পের বহু সদস্য প্রতিষ্ঠান সময়মত আবেদন করতে না পারায় বিজিএমইএ ম্যানেজমেন্টের ঐকান্তিক প্রচেষ্টায় বাংলাদেশ ব্যাংক নিম্নলিখিত সুবিধাসহ সূত্রোক্ত সার্কুলার জারী করেছেঃ-


- আবেদনের সময়সীমা: ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে আবেদন সংশ্লিষ্ট ব্যাংকে দিতে হবে।
- দ্রুত নিষ্পত্তি: ব্যাংকগুলো আবেদন পাওয়ার ৩ মাসের মধ্যে সিদ্ধান্ত জানাবে।
- নিয়মিত ঋণের সুবিধা: ৩০ জুন, ২০২৬ তারিখ পর্যন্ত অশ্রেণিকৃত ঋণগুলোর (STD-0, 1, 2, SMA) জন্য বিশেষ পুনর্গঠন সুবিধা।
- খেলাপি ঋণের সুবিধা: বিরূপমানে শ্রেণিকৃত ঋণের (SS, DF, B/L) ক্ষেত্রে ৩১ মার্চ ২০২৬ পর্যন্ত বিশেষ পুনঃতফসিল সুবিধা।
- এক্সিট সুবিধা: ঋণ থেকে বের হয়ে যাওয়ার জন্য বিশেষ 'Exit' সুবিধা প্রাপ্ত প্রতিষ্ঠানের অনুকূলে 'Exit' সংক্রান্ত ব্যাংক হতে বিদ্যমান ঋণ সুবিধা ব্যতীত কোন নতুন ঋণ সুবিধা প্রদান করা হবে না।

বিশেষ দৃষ্টব্য:

- ডাউন পেমেন্টের টাকা ব্যাংকে নগদায়ন হওয়ার পর থেকে ৩ মাস সময় গণনা শুরু হবে।
- যে সকল ঋণ গ্রহীতা ইতোপূর্বে উক্ত সার্কুলারের আওতায় নীতি সহায়তা গ্রহণ করেছেন তারা পুনরায় আবেদন করতে পারবেন না।

প্রয়োজনীয় কার্যার্থে বাংলাদেশ ব্যাংকের সার্কুলারটি এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,



মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)
সচিব (ভারপ্রাপ্ত)

সংযুক্তিঃ বর্ণনামতে।

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১

বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-১৬

০৭ মে ২০২৬

তারিখ: -----

২৪ বৈশাখ ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ব্যবসায় ও আর্থিক ব্যবস্থা পুনর্গঠনের লক্ষ্যে নীতি সহায়তা প্রদান প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৭, তারিখ ১৬ সেপ্টেম্বর ২০২৫ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-২৬, তারিখ ২৪ নভেম্বর ২০২৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ব্যবসায় ও আর্থিক ব্যবস্থা পুনর্গঠনের লক্ষ্যে নীতি সহায়তা প্রদান সংক্রান্ত নীতিমালার যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকল্পে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

ক) বিআরপিডি সার্কুলার নং-০৭/২০২৫ এর আওতায় নীতি সহায়তা প্রাপ্তির লক্ষ্যে ৩০ জুন ২০২৬ তারিখ পর্যন্ত সংশ্লিষ্ট ব্যাংকে নতুন আবেদন দাখিল করা যাবে। তবে, যে সকল ঋণগ্রহীতা ইতোপূর্বে উক্ত সার্কুলারের আওতায় অথবা “ব্যবসা ও আর্থিক ব্যবস্থাদি পুনর্গঠনের লক্ষ্যে গঠিত নীতি সহায়তা সংক্রান্ত বাছাই কমিটি” হতে নীতি সহায়তা গ্রহণ করেছেন সে সকল ঋণগ্রহীতার আবেদন বিবেচনা করা যাবে না;

খ) ৩০ জুন ২০২৬ তারিখ পর্যন্ত অশ্রেণিকৃত (STD-0, 1, 2, SMA) ঋণসমূহকে উক্ত সার্কুলারে বর্ণিত নির্দেশনানুযায়ী বিশেষ পুনর্গঠনজনিত সুবিধা এবং ৩১ মার্চ ২০২৬ তারিখ পর্যন্ত বিরূপমানে শ্রেণিকৃত (SS, DF, B/L) ঋণসমূহকে বিশেষ পুনঃতফসিলজনিত সুবিধা প্রদান করা যাবে;

গ) এ সার্কুলারের আওতায় নতুন আবেদন গ্রহণের তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) মাসের মধ্যে ব্যাংক কর্তৃক তা নিষ্পত্তি করতে হবে। নীতি সহায়তার জন্য প্রয়োজনীয় ডাউন পেমেন্ট চেক বা অন্য কোনো ইনস্ট্রুমেন্টের মাধ্যমে প্রদান করা হলে তা নগদায়নের পর হতে বর্ণিত ০৩ (তিন) মাস গণনা করতে হবে। তবে, ডাউন পেমেন্টের অর্থ ব্যাংকের অনুকূলে নগদায়নের পূর্বে নীতি সহায়তার আবেদন কার্যকর করা যাবে না;

ঘ) বিআরপিডি সার্কুলার লেটার নং-২৬/২০২৫ এর ৩.৪(গ) নং অনুচ্ছেদ নিম্নোক্তভাবে প্রতিস্থাপন করা হলো:

“বিশেষ এক্সিট সুবিধাপ্রাপ্ত ঋণসমূহ Exit(SMA) মানে প্রদর্শন করতে হবে এবং তদনুযায়ী ঋণের বিপরীতে যথানিয়মে সাধারণ প্রভিশন (General Provision) সংরক্ষণ করতে হবে। এতদ্ব্যতীত, প্রকৃত আদায় ব্যতিরেকে এক্সিট সুবিধাপ্রাপ্ত ঋণ হিসাবের বিপরীতে ইতোপূর্বে সংরক্ষিত স্পেসিফিক প্রভিশন (Specific Provision) ব্যাংকের আয় খাতে স্থানান্তর করা যাবে না। তবে তার অংশ বিশেষ সাধারণ প্রভিশন সংরক্ষণের নিমিত্ত স্থানান্তর করা যাবে। উল্লেখ্য, সম্পূর্ণ ঋণ পরিশোধ না হওয়া পর্যন্ত এ সুবিধাপ্রাপ্ত প্রতিষ্ঠানের অনুকূলে Exit সংশ্লিষ্ট ব্যাংক হতে বিদ্যমান ঋণ সুবিধা ব্যতীত কোনো নতুন ঋণসুবিধা প্রদান করা যাবে না।”;

ঙ) বিআরপিডি সার্কুলার নং-০৭/২০২৫ এর ৪(ঙ) নং অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা রহিত করা হলো; এবং

চ) সূত্রোক্ত সার্কুলার ও এর অনুবৃত্তিক্রমে জারিকৃত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৯(১)(চ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(গাজী মোঃ মাহফুজুল ইসলাম)

পরিচালক (বিআরপিডি-১)

ফোন: ৯৫৩০২৫২